
# তুরস্কের পূর্বাঞ্চলীয় প্রদেশে ৫ মাত্রার ভূমিকম্প অনুভূত



ছবি: সংগৃহীত

তুরস্কের পূর্বাঞ্চলীয় মালাটিয়া প্রদেশে শনিবার (১৮ জুলাই) ভোরে রিখটার স্কেলে ৫ মাত্রার একটি ভূমিকম্প অনুভূত হয়েছে। দেশটির দুর্যোগ ও জরুরি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (আফাদ) এ তথ্য জানিয়েছে।

আফাদের তথ্য অনুযায়ী, স্থানীয় সময় সকাল ৬টা ২০ মিনিটে ভূমিকম্পটি আঘাত হানে। এর কেন্দ্রস্থল ছিল মালাটিয়া প্রদেশের বাত্তালগাজি জেলা এবং উৎপত্তিস্থলের গভীরতা ছিল ভূপৃষ্ঠ থেকে প্রায় ১৫ দশমিক ৫৯ কিলোমিটার।

ভূমিকম্পের কম্পন মালাটিয়ার পাশাপাশি এলাজিগ, আদিয়ামান, তুনজেলি ও শানলিউরফাসহ আশপাশের কয়েকটি প্রদেশেও অনুভূত হয়, ফলে স্থানীয় বাসিন্দাদের মধ্যে কিছু সময়ের জন্য আতঙ্ক ছড়িয়ে পড়ে।

তবে প্রাথমিকভাবে কোনো প্রাণহানি বা উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি বলে জানিয়েছে আফাদ।

এদিকে তুরস্কের পরিবেশ, নগরায়ণ ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রী মুরাত কুরুম সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় জানান, ভূমিকম্পের পর এখন পর্যন্ত বড় ধরনের কোনো ক্ষয়ক্ষতি বা জরুরি পরিস্থিতির খবর পাওয়া যায়নি। তবুও সংশ্লিষ্ট সংস্থাগুলো মাঠপর্যায়ে পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং প্রাপ্ত সব তথ্য যাচাই করা হচ্ছে।

সূত্র: আনাদোলু এজেন্সি